



বাংলাদেশ চা বোর্ড
চা বাগান ব্যবস্থাপনা কোষ
প্রধান কার্যালয়
১৭১-১৭২ বায়েজিদ বোতামী রোড
নাসিরাবাদ, চট্টগ্রাম।

“বেশি বেশি চা পান করলে
 স্বাস্থ্য সুন্দর সতেজ রাখুন”।

“বেশি বেশি লিকার চা পানে
 ক্যান্সার, হৃদরোগ হার মানে”।

স্মারক নং-বিটিবি/বাগানকোষ-১৩/৯৬(পার্ট-৩)-৬৮০(২)(৫)

তারিখ-১২.১২.২০১৮

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ চা বোর্ড নিয়ন্ত্রিত ও পরিচালিত মৌলভীবাজার জেলার অবস্থিত চা বাগানের জন্য নিম্নবর্ণিত পদে নিয়োগের নিমিত্ত
 বাংলাদেশী নাগরিক হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রঃ নং	পদের নাম	বেতন ক্ষেত্র	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা, বয়স ও অভিজ্ঞতা
১	সহকারী ব্যবস্থাপক (ফ্যাস্টেরী)	২৩,০০০-৫৫,৪৭০ টাকা ক্ষেত্রে বাংলাদেশ চা বোর্ডের অনুমোদিত হারে বেতন ও ভাতাদি প্রাপ্য হবেন।	০১টি	ন্যূনতম স্নাতক / বিএসসি ইঞ্জিনিয়ারিং (মেকানিক্যাল) এবং কারিগরি বিষয়ে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। বয়সসীমা- অনুর্ধ্ব ৩০।

- ১। আবেদনে প্রার্থীর পুরো নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা, জন্ম তারিখ, বয়স, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা,
 জাতীয়তা ও ধর্ম লিপিবদ্ধ করতে হবে।
- ২। শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্র (যদি থাকে) এর সত্যায়িত প্রতিলিপি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।
- ৩। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ/ পৌরসভা/ ওয়ার্ড কমিশনার এর নিকট হতে জাতীয়তা সনদ এবং প্রথম শ্রেণীর গেজেটেড
 অফিসারের নিকট হতে চারিত্রিক সনদপত্র ও জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি আবেদনের সাথে দাখিল করতে হবে।
- ৪। বৈধ কাগজপত্র ও সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ০২(দুই) কপি সত্যায়িত ছবিসহ আবেদন সচিব, বাংলাদেশ চা বোর্ড
 বরাবর আগামী ১০/০১/২০১৯ তারিখের মধ্যে অফিস চলাকালীন দাখিল করতে হবে। উক্ত তারিখের পর কোন আবেদন
 গ্রহণ করা হবে না। আবেদনে ১০/০১/২০১৯ তারিখ পর্যন্ত বয়স উল্লেখ করতে হবে।
- ৫। সচিব, বাংলাদেশ চা বোর্ড, এর অনুকূলে ৫০০/- (পাঁচশত) টাকা মূল্যের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার দাখিল করতে হবে।
 পোষ্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়।
- ৬। বিভাগীয় প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। দেশের কোন চা বাগানে কর্মরত ও বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন
 প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।
- ৭। আবেদন পত্রের খামের উপর স্পষ্টাক্ষরে পদের নাম ও নিজ জেলার নাম উল্লেখ করতে হবে।
- ৮। অসম্পূর্ণ আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে। আবেদনের সাথে সংযুক্ত কোন কিছুই ফেরতযোগ্য নহে।
- ৯। আবেদনের সাথে প্রার্থীর নিজ নাম ও বর্তমান ঠিকানা সম্বলিত ১০(দশ)টাকা মূল্যমানের অব্যবহৃত ডাকটিকেট সংযুক্ত ৯.৫ X
 ৪.৫ ইঞ্চি বিশিষ্ট ১টি ফেরত খাম সংযুক্তকারে প্রেরণ করতে হবে।
- ১০। লিখিত ও মৌখিক পরীক্ষার জন্য কোন প্রকার টি.এ / ডি.এ প্রদান করা হবে না।
- ১১। বাংলাদেশ চা বোর্ড নিয়োগ বিজ্ঞপ্তির শর্তাবলী সংশোধন / বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।
- ১২। যে কোন তদবির/সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।

স্বাঃ-
 চেয়ারম্যান
 বাংলাদেশ চা বোর্ড এর পক্ষে সচিব।